

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১২৩.২২.২৬৭৬

তারিখ: ২৮/১১/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মাল্টি মিডিয়া প্রজেক্টর ব্যবহার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে হাই স্কুলের কিশোরী শিক্ষার্থীদের সচেতনতামূলক প্রশিক্ষণসহ অন্যান্য দাপ্তরিক কাজ সম্পাদনের লক্ষ্যে ১টি করে মাল্টি মিডিয়া প্রজেক্টর প্রেরণ করা হয়েছে। উপজেলা পর্যায়ে প্রেরণকৃত/ক্রয়কৃত সকল মালামাল দাপ্তরিক কাজে ব্যবহারের পর অফিসে সংরক্ষণের বাধ্যবাধকতা রয়েছে। তাছাড়া অফিসের মালামাল ব্যক্তিগত কাজে ব্যবহার ও নিজ দায়িত্বে সংরক্ষণ করা সমীচীন নহে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলা দাপ্তরিক কাজের বাইরে ব্যক্তিগত কাজে মাল্টি মিডিয়া প্রজেক্টর ব্যবহার করছেন, যা দাপ্তরিক শৃঙ্খলা পরিপন্থী। উপরোক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট ইউআরডিও ব্যক্তিগত দায়ী হবেন।

এমতাবস্থায়, ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে দাপ্তরিক কাজে মাল্টি মিডিয়া প্রজেক্টর ব্যবহারের পর এর যথাযথ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মোঃ সাদেকুর রহমান  
উপ প্রকল্প পরিচালক  
ফোন: ৪১০১০৩৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
বিআরডিবি

উপজেলা: ....., জেলা: .....

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা:....., জেলা:.....।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: .....
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ....., জেলা: .....
৭. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস নথি।